(১৪) নির্বাহী প্রকৌশলী /আবাসিক প্রকৌশলী প্রয়োজনীয় মালামালের জন্য সদস্য বিতরণ মহোদয়ের মাধ্যমে বৈদ্যুতিক সরঞ্জাম পরিদপ্তরে প্রেরণ করিবেন। বৈদ্যুতিক সরঞ্জাম পরিদপ্তরে মালামাল পাওয়া না গেলে সদস্য বিতরণ মহোদয়ের অনুমতি সাপেক্ষে "না পাওয়া মালামাল" সংগ্রহ / ক্রয়ের ব্যবস্থা নিবেন। বিউবো এর পক্ষ থেকে বাজেটে "বিতরণ লাইন সম্প্রসারণের ভর্তুকী খাত" নামে একটি খাত সৃষ্টি করা হইবে। সংশ্লিষ্ট দপ্তর উক্ত খাতের বরাদ্দ থেকে "না পাওয়া মালামাল" এর বিউবো অংশের খরচ নির্বাহের ব্যবস্থা নিবেন।

(১৫) লাইন নির্মাণ পর্যায়ে কারিগরী পর্যালোচনা সাপেক্ষে লোড অনুমোদনের ব্যবস্থা নিতে হইবে। কোন কারণে লোড অনুমোদন সম্ভব না হইলে তাহা গ্রাহককে লিখিতভাবে জানাইতে (C-87) হইবে।

(১৬) অথপর লাইন সম্প্রসারণের কাজ সমাপ্ত হলে প্রয়োজনীয় জামানতের টাকা ও মিটার/ মিটার মূল্যের ( প্রযোজ্য ক্ষেত্রে ) ডিমান্ড নোট (C-88) ইস্যু করা হইবে। সেই সাথে সরকারী বিধান অনুযায়ী গ্রাহককে বাধ্যতামূলক সোলার / উপকেন্দ্র স্থাপন , প্রয়োজনীয় ছাড়পত্র গ্রহণের জন্য বলা হইবে। এই ডিমান্ড নোট ও ৩০ দিনের নোটিশে ইস্যু হইবে। প্রয়োজনে সময় বৃদ্ধির জন্য অনু- ১৩ প্রযোজ্য হইবে। লাইন সংযোগের প্রয়োজন না থাকিলে সর্বোচ্চ ৩০ দিন এবং লাইন সম্প্রসারণের ক্ষেত্রে সর্বোচ্চ ৬০ দিনের মধ্যে সংযোগ প্রদান সম্পন্ন করা হইবে। উল্লেখ্য সকল মাপের সিঙ্গেল ফেজ মিটার গ্রাহক কতৃক ক্রয় যোগ্য। সকল ৩ ফেজ মিটার , এইচটি মিটার এবং সংশ্লিষ্ট সিটি, পিটি ইত্যাদি বিউবো কতৃক সরবরাহ যোগ্য। গ্রাহক সরবরাহকৃত কোন ৩ ফেজ মিটার গ্রহণ যোগ্য নহে। লোড অনুমোদনের সাথে ৩ ফেজ এর ক্ষেত্রে মিটারিং যন্ত্রপাতির জন্য C-88 নোটিশে নির্দেশনা থাকিবে, যা গ্রাহক পরিশোধে বাধ্য থাকিবেন। গ্রাহক জামানত, মিটারের দাম প্রয়োজনীয় ছাড়পত্র জমা দিলে সংযোগের পরবর্তী কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(১৬) গ্রাহক মিটারের ক্ষেত্রে , নির্দেশ মোতাবেক গ্রাহক ক্রয়ের রসিদ ও টেষ্ট সার্টিফিকেট দপ্তরে জমা দানের ৩ কর্ম দিবসের মধ্যে মিটার পরীক্ষা ও রেকর্ড করত: গ্রাহককে ফেরৎ দিবেন। ফেরৎ প্রদানের পরবর্তী ৩ কর্ম দিবসের মধ্যে মিটার সংযোজনাতে সার্ভিস ড্রপ টানা সংযোগ সম্পন্ন করতে হবে। সার্ভিস ড্রপ টানা কালে মিটার হস্তান্তর রিপোর্ট প্রণয়ন ( ৩ কপি) (C-10), মিটার কার্ড সংযোজন শেষে লাইন চালু করত: সংযোগের কাজ সমাপ্ত করতে হবে।

## ৪। লাইন নির্মাণের খরচের অংশীদারিত্ব :-

(১) ৩ খুটি ( পোল ) পর্যন্ত :- নূতন লাইন সম্প্রসারণের ক্ষেত্রে পোল প্রতি নূন্যপক্ষে ৫ কিঃওঃ লোড প্রাপ্তি আবশ্যিক। প্রতি এক্ষেত্রে লাইন সম্প্রসারণের প্রাক্কলিত ( ধারা ৩ এর ( ৩ ) ও (৭) অনুযায়ী ) খরচের ২৫% গ্রাহক কতৃক প্রদত্ত হইবে। পোল প্রতি ৫ কিঃওঃ এর কম কিন্তু ৩ কিঃওঃ এর বেশী হলে প্রাক্কলিত মূল্যের ৩৫% গ্রাহক কতৃক প্রদত্ত হইবে। পোল প্রতি ৩ কিঃওঃ এর কম হলে প্রাক্কলিত মূল্যের ৬০% গ্রাহক কতৃক প্রদত্ত হইবে।

(২) ৩ খুটির বেশী কিন্তু ৮ খুটির কমঃ এর ক্ষেত্রে পোল প্রতি ৮ কিঃওঃ লোড প্রাপ্তি আবশ্যিক। এক্ষেত্রে লাইন সম্প্রসারণের প্রাক্কলিত খরচের ( ধারা ৩ এর ( ৩ ) ও (৭) অনুযায়ী ) ২৫% গ্রাহক কতৃক প্রদত্ত হইবে। পোল প্রতি ৮ কিঃওঃ কম কিন্তু ৪ কিঃওঃ এর বেশী হলে প্রাক্কলিত মূল্যের ৩৫% গ্রাহক কতৃক প্রদত্ত হইবে। পোল প্রতি ৪ কিঃওঃ এর কম হলে প্রাক্কলিত মূল্যের ৬০% গ্রাহক কতৃক প্রদত্ত হইবে।

(৩) ৮ খুটির বেশী কিন্তু ২০ খুটির কমঃ এর ক্ষেত্রে পোল প্রতি ১০ কিঃওঃ লোড প্রাপ্তি আবশ্যিক। এক্ষেত্রে লাইন সম্প্রসারণের প্রাক্কলিত খরচের ( ধারা ৩ এর ( ৩ ) ও (৭) অনুযায়ী ) ২৫% গ্রাহক কতৃক প্রদত্ত হইবে। পোল প্রতি ১০ কিঃওঃ কম কিন্তু ৫ কিঃওঃ এর বেশী হলে প্রাক্কলিত মূল্যের ৩৫% গ্রাহক কতৃক প্রদত্ত হইবে। পোল প্রতি ৫ কিঃওঃ এর কম হলে প্রাক্কলিত মূল্যের ৬০% গ্রাহক কতৃক প্রদত্ত হইবে।

(৪) উপরোক্ত অংশীদারীত্বের ক্ষেত্রে ( উপধারা ১-৩ ) পোল প্রতি ২০ কিঃওঃ এর বেশী হইলে গ্রাহকের প্রদত্ত অংশের উপর ২৫% রিবেট প্রাপ্য হইবেন। একই ভাবে গ্রাহকের নিজস্ব এলাকার (প্রাইভেট রাস্তা) এর ক্ষেত্রে ১৫% রিবেট প্রাপ্য হইবেন

(৫) উপরোক্ত অংশীদারীত্বের ক্ষেত্রে ( উপধারা ১-৩ ) পোল প্রতি ৪০ কিঃওঃ এর বেশী হইলে গ্রাহকের প্রদত্ত অংশের উপর ৪০% রিবেট প্রাপ্য হইবেন। একই ভাবে গ্রাহকের নিজস্ব এলাকার (প্রাইভেট রাস্তা) এর ক্ষেত্রে ২৫% রিবেট প্রাপ্য হইবেন

#### ৫। নূতন মিটার বরাদ্দ :-

- (১) বিউবো ইস্যুকৃত সকল মিটার চাহিদার বিপরীতে যথাযথ সুপারিশের ভিত্তিতে মহা-ব্যবস্থাপক, বানিজ্যিক পরিচালন দপ্তর কতৃক ইস্যু করা হইবে। প্রয়োজনীয় তথ্যাদির সাথে প্রযোজ্য ক্ষেত্রে মিটারিং মালামালের মূল্য পরিশোধের প্রমানক সংযোজন করতে হবে। গ্রাহকের সাথে সম্পাদিত চুক্তি পত্রে এ বিষয়ের উল্লেখ থাকতে হবে। যেহেতু মিটার ব্যবহার অনুযায়ী প্রোগ্রামেবল মিটারে প্রোগ্রামের ভিন্নতা আছে, তাই ব্যবহারের ধরণ বিষয়ে সুস্পষ্ট উল্লেখ থাকতে হবে। মিটার গ্রহনকালে এবিষয়ে সজাগ থাকতে হবে। প্রয়োজনে মহা-ব্যবস্থাপক, বানিজ্যিক পরিচালন দপ্তর থেকে তা শুধরিয়ে নিতে হবে।
- (২) গ্রাহক কতৃক মূল্য পরিশোধ সাপেক্ষে ইস্যুকৃত মিটার ওয়ারেন্টি সময়ের ( সর্বোচ্চ ২ বৎসর) পূর্বে স্বাভাবিক ভাবে নষ্ট হলে পুনরায় মূল্য পরিশোধ ব্যতিরেকে বিউবো কতৃক তা পরিবর্তন করা হবে। অন্যথায় গ্রাহককে পরিবর্তনের জন্য মূল্য পরিশোধ করতে হবে।
- (৩) সকল এইচটি মিটারিং বক্সে অন লাইন টেস্ট এর প্রয়োজনে টিটিবি ( Test terminal Block) সংযোজন করতে হবে। এছাড়া এইচটি গ্রাহক নিজ খরচে বিউবো অনুমোদিত নক্সা অনুযায়ী মিটার ঘর বিনা ভাড়া প্রদান করতে হবে এবং এর নিয়ন্ত্রন বিউবোকে হস্তান্তর করতে হবে।

#### ৫। মিটার সীল করা :-

- (১) সকল দপ্তর প্রধান / তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে তাহাদের দপ্তরের আওতায় দপ্তর সমূহের সীলের চাহিদা ৬ মাস/১ বৎসর/২ বৎসরের ভিত্তিতে প্রেরণের অনুরোধ করা হইল।

বিশেষ ধরনের ৪ লেভেল সীল মাঠ পর্যায়ের দপ্তর সমূহে মওজুদ আছে। এইগুলি শুধু কর্মকর্তাদের তত্ত্বাবধানে মিটারের ওয়াল সীল করার কাজে ব্যবহৃত হইবে কিছু ক্ষেত্রে প্রয়োজন হইলে বেস প্লেট ও সীল করা যায়।

প্রয়োজনীয় টুইস্টেড সীল সংগ্রহ করার পূর্ব পর্যন্ত কাগজের সীল ব্যবহার করা যাইতে পারে। সুতরাং ৪ লেভেল সীল বা অন্য প্রকার সীল না থাকিলে নূন্যতম কাগজের সীল ব্যবহার করিতে হইবে। সিল ছাড়া কোন সময়ের জন্য মিটার রেখে দেওয়া যাইবে না। সকল বিদ্যুৎ সরবরাহ দপ্তর প্রধানগন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবেন।

- (২) সকল এলটি মিটারের (C টেরিফ ছাড়া) সিলিং এর দায়িত্ব ১ম লাইন সুপারভাইজার এর উপর ন্যস্ত থাকিবে। সকল এলটি মিটারের C টেরিফ মিটার সিলিং এর দায়িত্ব নূন্যতম উপ-সহকারী প্রকৌশলীর উপর ন্যস্ত থাকিবে।
- (৩) সকল F টেরিফ মিটার সিলিং এর দায়িত্ব নূন্যতম সহকারী প্রকৌশলীর উপর ন্যস্ত থাকিবে।
- (৪) সকল G টেরিফ মিটার সিলিং এর দায়িত্ব নির্বাহী প্রকৌশলীর উপর ন্যস্ত থাকিবে।
- (৫) সকল ইউটিলিটি মিটার সিলিং এর দায়িত্ব নূন্যতম সংশ্লিষ্ট এএই এর নির্বাহী প্রকৌশলীর উপর ন্যস্ত থাকিবে।
- (৬) সকল G2,G3 টেরিফ এইচটি মিটারের মিটার সিলিং এর দায়িত্ব যৌথ ভাবে সংশ্লিষ্ট এএই এর নির্বাহী প্রকৌশলীর এবং সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, মহা-ব্যবস্থাপক, বানিজ্যিক পরিচালন এর উপর ন্যস্ত থাকিবে। সিলিং এর জন্য (C-89) ফরম ব্যবহার করতে হবে।

#### ৬। অস্থায়ী সংযোগ প্রদানের সাধারণ নিয়মাবলী :-

- (১) অস্থায়ী সংযোগের ক্ষেত্রে লাইন নির্মাণে কোন প্রকার রিবেট প্রয়োজ্য হইবে না। আবেদনের প্রেক্ষিতে **C-82** আদলে প্রাক্কলন প্রস্তুত করতঃ অনুমোদনের জন্য পেশ করা হইবে। ধারা ৩ এর (উপধারা ১১ ও ১২) অনুযায়ী অনুমোদনের ক্ষমতা প্রয়োজ্য হইবে। নিম্নচাপ গ্রাহকের ক্ষেত্রে **C-88** নোটিশে গ্রাহক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পর স্থিরকৃত জামানতের ৫০% সহ তিন মাসের সম্ভাব্য বিলের পরিমাণ (**Likely consumption** এর ভিত্তিতে) টাকা অগ্রিম বিল হিসাবে পরিশোধ করিবেন। প্রতি মাসের বিল ইস্যুর পর ঐ পরিমাণ টাকা গ্রাহক কতৃক পূনঃ ভরন সাপেক্ষে সংযোগ বহাল রাখা হইবে।
- (২) অস্থায়ী সংযোগের ব্যবস্থা পরিহারের আবেদনের প্রেক্ষিতে লাইন পূর্বাভাসে ফিরিয়ে নেওয়ার পর বিউবোর পাওনা সমন্বয় সাপেক্ষে অগ্রিম বিল ও জামানতের টাকা (যাহা বাকী থাকে) গ্রাহককে ফেরৎ দেওয়া হবে।
- (৩) অস্থায়ী সংযোগ স্থায়ী করতে ইচ্ছুক হলে আবেদনের বিপরীতে প্রয়োজনীয় ধারা ৩ এর (উপধারা ১৫ ও ১৬) অনুযায়ী বিধি বিধান প্রতি পালন শেষে প্রয়োজনীয় জামানতের টাকা পূনঃ ভরন সাপেক্ষে স্থায়ী করার ব্যবস্থা নেওয়া যাবে।

#### ৭। টেরিফ পরিবর্তন নিয়মাবলী :-

- (১) গ্রাহক তার অবস্থা বা ব্যবসার ধরণ পরিবর্তনের অভিপ্রায় জানিয়ে টেরিফ পরিবর্তনের আবেদন করতে পারেন। এছাড়া মাঠ পর্যায়ের পরিদর্শন শেষে ব্যবহার এর প্রকৃতি বিষয়ক রিপোর্টের ভিত্তিতে (**C-92**) দপ্তর প্রধান এর ১ ধাপ উর্ধে (নূন্যতম নির্বাহী প্রকৌশলী) টেরিফ পরিবর্তনের আদেশ দিবেন। উক্ত রিপোর্টের/ আদেশের একটি কপি কমপিউটার সেন্টার ও ১ কপি গ্রাহক ফাইলে সংরক্ষিত থাকবে। উল্লেখ্য টেরিফ পরিবর্তনের সময় পূর্বেকার সমুদয় বকেয়া (যদি থাকে) পরিশোধ করতে হবে। যদি প্রাসঙ্গিক কোন কাজ করতে হয় তা গ্রাহক নিজ খরচে তা সম্পন্ন করবেন।

#### ৮। লোড পরিবর্তন :-

- (১) সরেজমীন পরীক্ষার মাধ্যমে অতিরিক্ত লোডের অস্তিত্ব পাওয়া গেলে লোড পরিবর্তনের ব্যবস্থা নিতে হবে। বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে মিটারিং সিস্টেম ঠিক পাওয়া গেলে অ-প্রকাশিত লোডের ক্ষেত্রে অতিরিক্ত লোড ব্যবহারের সময়কাল নির্ধারণ করতে হবে। সঠিক ভাবে সময় নির্ধারণ করা না গেলে সর্বোচ্চ ৩ মাস ধরা যাবে। অতিরিক্ত লোডের জন্য উক্ত সময়ে ২ গুন হারে মাসিক অতিরিক্ত ডিমান্ড চার্জ করতে হবে। পরবর্তীতে লোডের নিদ্রিষ্ট ধাপে বিধি বিধান পালন সাপেক্ষে অনুমোদনের ব্যবস্থা নিতে হবে।

- (২) গ্রাহকের আবেদনের ভিত্তিতেও লোড পরিবর্তনের ব্যবস্থা নেওয়া যাবে। এক্ষেত্রে ট্রান্সফরমার ও লাইনের ওভার লোডিং না হওয়া সাপেক্ষে টেরিফ ধাপের ভিত্তিতে বিধি বিধান পালন সাপেক্ষে অতিরিক্ত লোড অনুমোদন করা যাবে। অতিরিক্ত লোড ব্যবহারের প্রয়োজনে অতিরিক্ত মালামাল ও মজুরী গ্রাহক কতৃক পরিশোধ যোগ্য।

- (৩) একই ভাবে গ্রাহকের আবেদনের ভিত্তিতে লোড সারেন্ডার করার ব্যবস্থা নেওয়া যাবে। উল্লেখ্য যে, কোন গ্রাহক একবার লোড সারেন্ডার করলে পরবর্তীতে একই গ্রাহকের লোড বৃদ্ধিতে তার অধিকার প্রতিষ্ঠিত থাকবে না। সেক্ষেত্রে শুধুমাত্র লোড প্রাপ্তি সাপেক্ষে তার ২য় দফা লোড বৃদ্ধি বিবেচনা করা যাবে। জমাকৃত জামানত সমন্বয় যোগ্য।

#### ৯। আবেদনের ভিত্তিতে সংযোগ রহিত করন :-

- (১) সংযোগ রহিত করনের জন্য গ্রাহক তার অভিপ্রায় জানিয়ে দপ্তরে আবেদন করবেন (**C-94**)। আবেদনে ভিত্তিতে ফিল্ড সার্ভে সম্পাদন করতঃ (সর্বোচ্চ ৩ কর্মদিবস) রিপোর্ট প্রদান সাপেক্ষে দপ্তর প্রধান (নূন্যতম নির্বাহী প্রকৌশলী) সংযোগ রহিত করনের আদেশ দিবেন। আদেশে প্রেক্ষিতে সংযোগ বিচ্ছিন্ন করন, সার্ভিস ড্রপ উদ্ধার শেষে সংযোগের পরিসমাপ্তি ঘটানো হবে। সংযোগ বিচ্ছিন্নের পর সমুদয় বিল (সকল বকেয়া সহ) পরিশোধের পর ১ মাস গ্রাহককে মনিটরিং শেষে অনুমোদন কারী কতৃপক্ষ জামানতের টাকা ফেরৎ এর অনুমোদন দিবেন। অথপর পাওনা সমন্বয়ের (যদি পাওনা থাকে) পর সংশ্লিষ্ট খাত থেকে গ্রাহককে জামানতের অবশিষ্ট টাকার চেক ইস্যু করা হবে। এ সংক্রান্ত সকল তথ্যাদির একটি কপি কমপিউটার সেন্টার ও ১ কপি গ্রাহক ফাইলে সংরক্ষিত থাকবে। গ্রাহক ফাইল নূন্য পক্ষে বিচ্ছিন্ন পরবর্তী ৩ বৎসর সংরক্ষন করতে হবে।



১০। বকেয়ার কারণে সংযোগ রহিত করন :-

(১) বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্ন করা হলেও অন্তত ১ মাস গ্রাহককে মনিটরিং করতে হবে। গ্রাহক আদৌ কোন বিদ্যুৎ ব্যবহার করে কিনা তা দেখতে হবে। পাওনা আদায়ের বিষয়ে নোটিশ জারী করতে হবে। ১ মাসের মধ্যে গ্রাহক কোন প্রকার যোগাযোগ না করলে পাওনা আদায়ে "পিডিআর এক্ট" এর আওতায় বিদ্যুৎ আদালতে মামলা দায়ের করতে হবে।

১১। মিটার পরিবর্তন / পরীক্ষা / ক্যালিব্রেশান নিয়মাবলী:-

(১) কোন মিটারের কার্যকারীতায় সন্দেহ এর উদ্বেক হলে সংশ্লিষ্ট রিডার/ ইএসইউ প্রতিনিধি তা দপ্তর প্রধানের দৃষ্টি গোচর করবেন। অথপর ইএসইউ কতৃক তা পরীক্ষা করে দেখবেন। যদি পরীক্ষার বিষয়ে ইএসইউ অপারগ বা সম্ভব না হলে এনার্জি অডিটিং বিভাগের সহায়তা গ্রহন করবেন। সকল এইচটি গ্রাহকের ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী কতৃক ৩ সদস্যের একটি কমিটি গঠন করবেন। সংশ্লিষ্ট এনার্জি অডিটিং বিভাগ, ইএসইউ এবং অপর একজন মিটারিং অভিজ্ঞ কর্মকর্তা সমন্বয়ে কমিটি গঠন করা যাবে। কমিটির রিপোর্টের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহন করা হবে। মিটারের ত্রুটির ধরণ, প্রকৃত রিডিং উদ্ধার, ত্রুটির কারণ ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত কিনা, দায় দায়িত্ব নির্ধারণ ইত্যাদি রিপোর্টে উল্লেখ থাকতে হবে। সাধারণতঃ মিটার মেরামতের উদ্যোগ নেওয়া হবে না। গ্রাহক সরবরাহকৃত মিটার গ্রাহক নিজ দায়িত্বে পরিবর্তন করবেন। বিউবো সরবরাহকৃত মিটার রিপোর্টের ভিত্তিতে দায় দায়িত্ব নির্ধারণ শেষে যথাযথ মূল্য পরিশোধ সাপেক্ষে মিটার পরিবর্তিত হবে। বিউবো সরবরাহকৃত মিটার ওয়ারেন্টী (১৮ মাস) সময়ের ভিতর বিউবো কতৃক পরিবর্তন যোগ্য।

(২) সাধারণ ভাবে ১০ বৎসরের বেশী পুরাতন মিটার পরিবর্তনের ব্যবস্থা নিতে হবে। গ্রাহক সরবরাহকৃত মিটার গ্রাহক নিজ দায়িত্বে ত্রয় পূর্বক পরিবর্তন করবেন। এখন থেকে আবাসিক ছাড়া সকল মিটারের জন্য গ্রাহক কতৃক মূল্য পরিশোধ সাপেক্ষে বিউবো কতৃক মিটার সরবরাহ যোগ্য। প্রতি ৫ বৎসর অন্তর সকল মিটার ক্যালিব্রেট করা হবে। ক্যালিব্রেট কালে পারফরমেন্স অগ্রহনযোগ্য প্রতীয়মান হলে পরিবর্তন করতে হবে।

(৩) গ্রাহক কতৃক কোন মিটারের কার্যকারীতায় সন্দেহ এর উদ্বেক হলে সংশ্লিষ্ট দপ্তরে নির্ধারিত ফরমে আবেদন করবেন (C-95)। এর প্রেক্ষিতে এনার্জি অডিটিং বিভাগ, ইএসইউ ও একজন গ্রাহক প্রতিনিধির উপস্থিতিতে মিটার পরীক্ষা করা হবে। পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহন করা হবে।

(৪) যেকোন মিটার পরীক্ষা বা ডাটা ডাউনলোডের ভিত্তিতে ত্রুটির ধরণ ও সময়কাল নির্ধারণ করতে হবে। যদি ডাউনলোডকৃত ডাটার ভিত্তিতে ত্রুটির সময়কাল স্পষ্ট ভাবে চিহ্নিত করা যায় তবে সেখান থেকে বিল সংশোধন / সাপ্লিমেন্টারী বিল প্রণয়ন করতে হবে। যদি ত্রুটির সময়কাল সুনির্দিষ্ট ভাবে নির্ধারণ করা না যায় তবে প্রাপ্ত ডাটার ভিত্তিতে অথবা বিগত সর্বোচ্চ ৯০ দিন (যোটি বেশী হয়) পূর্ব থেকে বিল সমন্বয় করতে হবে। যদি অতিরিক্ত বিল ইতিমধ্যে পরিশোধিত হয়ে থাকে তবে তা পরবর্তী সর্বোচ্চ ২ মাসের বিলের সাথে সমন্বয় করতে হবে। অপরদিকে অতিরিক্ত ব্যবহারের বিপরীতে সাপ্লিমেন্টারী বিল ১ মাসের স্বাভাবিক বিলের বেশী হলে সর্বোচ্চ ৩ মাসের কিস্তিতে (স্বাভাবিক বিল ছাড়া) পরিশোধের ব্যবস্থা নিতে হবে। ৩ এর বেশী কিস্তির ক্ষেত্রে উর্ধতন কতৃপক্ষের অনুমোদন নিতে হবে। ইহা শুধুমাত্র অনিচ্ছাকৃত ত্রুটির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এক্ষেত্রে কোন সারচার্জ প্রযোজ্য হবেনা।

(৫) মিটার ত্রুটির কারণে ইচ্ছাকৃত প্রতীয়মান হলে যে পরিমাণ বিল কম তসরূপ হয়েছে তার ৩ (তিন) গুন প্যানাল বিল / জরিমানা বিল হিসাবে ধার্য হবে। সেই সাথে প্রাপ্ত রিডিং এর ভিত্তিতে স্বাভাবিক

বিল করতে হবে। গ্রাহককে উভয় বিল ( স্বাভাবিক ও প্যানাল বিল ) পরিশোধ করতে হবে। গ্রাহক উভয় বিল প্রদান সাপেক্ষে সংযোগ বহাল রাখবেন । অন্যথায় সংযোগ বিচ্ছিন্ন করা হবে। এ বিলে সাধারণত কিস্তির সুবিধা দেওয়া হবে না তবে সারচার্জও আরোপ হবে না। তবে বিল আদায়ের স্বার্থে উর্ধতন কতৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কিস্তি দেওয়া যেতে পারে, যার মধ্যে কোন কিস্তি ( চলতি বিলের অতিরিক্ত ) ১ (এক) মাসের স্বাভাবিক বিলের পরিমানের কম হবে না।

## BANGLADESH POWER DEVELOPMENT BOARD

### **Part -3, MOD Preparation**

( Monthly Operation Data ( MOD) for ESU's & Utility's Imports, Sale, Receivables, Generation Unit's Gross & Net Gen., IPP's Net Gen., Fuel Consumption & Cost etc.)

FOR  
ELECTRIC SUPPLY, UTILITY, GEN. & IPP UNITS

( PROVISIONAL AND FINAL MOD )

General Manager, Commercial Operation,  
Biddut Bhaban, 1 Abdul Gani Road, Dhaka -1000.

১। **প্রভিশনাল এবং ফাইনাল এমওডি :-**  
**বিতরণ অঞ্চল ও ইএসইউ এর জন্য প্রযোজ্য**  
**(তথ্য এবং বিস্তারিত তথ্যাদি দাখিল করার পদ্ধতি)**

(১) মাঠ পর্যায়ের বিতরণ দপ্তর সমূহ থেকে মহাব্যবস্থাপকের দপ্তরে পাঠানো এমওডিতে যে সমস্ত তথ্য দেয়া হয় তার সাথে পরবর্তীতে হিসাব দপ্তরে দাখিল করা তথ্যের সাথে বিশেষতঃ আদায়কৃত টাকার গড়মিল হয়। এর কারণ সময়মত ব্যাংক স্টেটমেন্ট না পাওয়া এবং সংশ্লিষ্ট দপ্তরের লোকজনের নিষ্ঠার অভাব। তা ছাড়া আঞ্চলিক হিসাব দপ্তর এবং ইএসইউ এর মধ্যে কোন সমন্বয় (Co-ordination) নাই। ফলে বোর্ডের দুই দপ্তর থেকে দু রকমের তথ্য পাওয়া যায়। এ অবস্থা নিরসনের জন্য এমওডি ফরম কিছুটা সহজ করা হয়েছে এবং দাপ্তরিক কিছু কাজ কম্পিউটার সেন্টারের মাধ্যমে সম্পন্ন করে সংশ্লিষ্ট দপ্তর কতৃক ভেরিফাই করে নিতে হবে। পরবর্তী মাসের ১০ তারিখ পর্যন্ত এমওডি তৈরী করার সময় রাখা হয়েছে।

(২) প্রতি মাসের ৫-৮ তারিখের মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তরে রাজস্ব সভা অনুষ্ঠিত হবে। সে সভায় পূর্ববর্তী মাসের প্রভিশনাল তথ্য ও তৎপরবর্তী মাসের এমওডি এবং সকল কাগজ পত্র বিশেষতঃ ব্যাংক বিবরণীসহ নির্বাহী প্রকৌশলী/ ও আহিদের দপ্তর প্রধান উপস্থিত থাকবেন। সে সভায় সকল তথ্য যথাযথ ভাবে পরীক্ষা করে সঠিক পাওয়া গেলে আহিদ প্রদানের প্রত্যয়ন সহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী সকল ইএসইউ এর এমওডি গ্রহন করবেন। যদি কোন ভুল তথ্য পাওয়া যায় তবে সভায় তা সংশোধন করে এমওডি দাখিল করতে হবে এবং আহিদ প্রধানের প্রত্যয়ন সহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী তা গ্রহন করবেন।

(৩) সংযুক্ত এমওডি (ফরম C-101 থেকে C-120 পর্যন্ত) পৃষ্ঠায় ইউনিট, বিল, সরকারী শুদ্ধ, সারচার্জ, বকেয়া, দৈনিক ব্যাঙ্ক আদায়, মাসিক আদায় সামারী, ফিডার এমওডি, সিষ্টেম লস, ওভারলোড, বার্ণ ট্রান্সফরমার ইত্যাদির তথ্য সম্মিলিত বিশদ এমওডি ও আধাসরকারী খাতে বকেয়ার তথ্য দাখিল করতে হবে। ইএসইউ এর আওতাধীন পৌরসভা, সরকারী আধা সরকারী প্রতিষ্ঠান, মসজিদ/ মন্দির, অবাঙ্গালী ক্যাম্প, মুক্তিযোদ্ধা রিবেট, কৃষি ভিত্তিক রিবেট এর তথ্যাদি এমওডিতে উল্লেখ থাকবে।

(৪) একই সভায় নির্বাহী প্রকৌশলী/ ইএসইউ এর প্রধান গন পরর্বর্তী মাসের প্রতিশনাল গুরুত্ব পূর্ণ তথ্যাদি দাখিল করবেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলীগন এ তথ্যের এবং এমওডি'র ভিত্তিতে এমওডি পূরন করে মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন দপ্তরে প্রতি মাসের ১২ তারিখের মধ্যে পৌছানোর ব্যবস্থা করিবেন।

(৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী তাঁর সার্কেলের সকল ইএসইউ এর তথ্যাদির সার-সংক্ষেপ ও বিস্তারিত এমওডি সর্বশেষ ২৫ তারিখের মধ্যে ( ব্যাঙ্ক কালেকশান সহ ) পূর্ণঙ্গ এমওডি মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন, ঢাকা দপ্তরে পৌছানোর ব্যবস্থা গ্রহন করবেন।

(৬) মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন দপ্তরে প্রণীত একজিকিউটিভ সামারী যে মাসের এমওডি সে মাসের নামে সংকলিত হবে। যেহেতু এই এমওডি তে আর্থিক আদায় সহ বেশ কিছু চলতি মাসের তথ্য পাওয়া যায় না, সেহেতু এটাকে প্রতিশনাল এমওডি হিসাবে গণ্য হবে। সকল বাকী তথ্যাদি প্রাপ্তির ৭ দিনের মধ্যে ( যাহা সাধারণত মাস শেষ হওয়ার ৪৫ দিন পর ) ফাইনাল এমওডি প্রকাশ করা হবে। প্রতিশনাল এমওডি ভার্ষান নং- ০০, ফাইনাল এমওডি তে ভার্ষান নং -০১ এবং রিভাইজড এমওডি ভার্ষান নং ০২, ০৩, ০৪ ইত্যাদি ( যদি থাকে )। প্রতিশনাল " এমওডি জুলাই' ২০১৬, ভার্ষান - ০০ "; ফাইনাল " এমওডি জুলাই' ২০১৬, ভার্ষান - ০১ "; ১ম রিভাইজড " এমওডি জুলাই' ২০১৬, ভার্ষান ০২ ", ২য় রিভাইজড " এমওডি জুলাই' ২০১৬, ভার্ষান ০৩ "

(৭)

(৮) এমওডি পূরন করার সময় যদি কোন অবৈধ গ্রাহককে বিল করা হয় তবে সেই গ্রাহকের ব্যবহৃত এনার্জি সংশ্লিষ্ট শ্রেণীতে বিলকৃত গ্রাহকের সংখ্যার সাথে দেখাতে হবে। সাময়িক সংযোগ (টেম্পোরারি কানেকশন) এর এনার্জির টাকা ইত্যাদি সংশ্লিষ্ট ট্যারিফের গ্রাহকের ঘরে দেখাতে হবে। বিলে কোন সংশোধন হলে তা (C-110) নং ফরমে তা সরাসরি ২৫ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন দপ্তরে (সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী দপ্তরে কপি প্রেরণ সহ) প্রেরন করতে হবে। ইএসইউ ইমপেটি বিষয়ক কোন সংশোধন সংশ্লিষ্ট এআই দপ্তরের মাধ্যমে পাঠাতে হবে।

(৭) এমওডি এর যে সমস্ত গ্রাহকের মিনিমাম চার্জ বিল করা হয়েছে তাদের তথ্য সংশ্লিষ্ট শ্রেণীর বিপরীতে দেখাতে হবে। লক্ষ্যনীয় যে গ্রাহক যে পরিমান এনার্জি ব্যবহার করেছেন শুধুমাত্র তাই উল্লেখ করতে হবে। মিনিমাম চার্জের জন্য যে পরিমান এনার্জির প্রয়োজন তা এমওডিতে দেখানোর যে প্রবনতা রয়েছে তা অবিলম্বে বন্ধ করতে হবে। এ কলামে তাদের এনার্জি, বিলের টাকা ও আদায়কৃত টাকা নিদিষ্ট ছকে পাঠাতে হবে।

(৮) এমওডির সকল ছক পূরন না করা হলে বা অসম্পূর্ণ থাকলে তা গৃহীত হবে না।

(৯) কোন তথ্যের সহিত যদি আহিদ প্রধান অথবা কম্পউটার সেন্টার একমত না হন তবে তিনি যুক্তিসহ তাঁর মন্তব্য এবং একমত না হওয়ার কারণ ব্যাখ্যাসহ স্বাক্ষর করবেন।

২। প্রতিশনাল এবং ফাইনাল এমওডি :-

বিদ্যুৎ কেন্দ্র ও উৎপাদন ইউনিট ও আইপিপি এর জন্য প্রযোজ্য  
(তথ্য এবং বিস্তারিত তথ্যাদি দাখিল করার পদ্ধতি)

(১) বিদ্যুৎ উৎপাদন বিষয়ক এমওডি ফরম ও দাখিলের পদ্ধতি (C-125 থেকে C-134) বর্ণিত আছে । বিদ্যুৎ উৎপাদন বিষয়ক গ্রস, অক্সিলিয়ারী ( সেক্স ও গ্রীড) ও নীট উৎপাদন, ফুয়েল কনজাম্পশান, ফুয়েল কষ্ট, হিট রেইট ( বর্তমান **Calorific value**) ইত্যাদি বিষদ তথ্য এমওডি তে উল্লেখ থাকবে ।

৩। এম আই এস বিষয়ক তথ্যাদি :-

বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ এর সার্বিক তথ্যাদি  
(তথ্য এবং বিস্তারিত তথ্যাদি দাখিল করার পদ্ধতি)

(১) বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভিন্ন তথ্য ও সূচক সমূহের রিপোর্ট (C-135 থেকে C-144) বর্ণিত আছে । বিউবো এর সার্বিক উৎপাদন, ক্রয় , ট্রান্সমিশান লস, বাল্ক সেল, রিটেল সেল, বিতরণ লস, সিআই , সিবি, বিবিধ আদায় ও বকেয়া , রিসিভএবলস্ সহ আর্থিক পরিস্থিতি এতে প্রকাশিত হবে ।

# BANGLADESH POWER DEVELOPMENT BOARD

## **Part -4, Forms and Office Orders**

( Different Standard Forms for Distribution, Generation, & MIS related for BPDB and prevailing Office Ordes for Commercial activities etc.)

FOR  
ELECTRIC SUPPLY, UTILITY, GEN. & IPP UNITS

General Manager, Commercial Operation,  
Biddut Bhaban, 1 Abdul Gani Road, Dhaka -1000.

( Attach Various Forms )

## A. Forms

- 1) Billing Related C-1 to C-20
- 2) Collection reports, Bank and Mobile vending C-21 to C-25
- 3) New Application and Consumer Related C-81 to C-98
- 4) MOD Related C-101 to C-120
- 5) Generation related C-125 to C-130
- 6) BPDB MIS Related C-131 to C-145

## B. Office Orders and Approval, Billing Procedure

মহা-ব্যবস্থাপকের দপ্তর  
বাণিজ্যিক পরিচালন

বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গনি রোড, বিউবো, ঢাকা।

সূত্র নং পিডিবি/জিএম/সিও/২৪৯.১/১৩০২

তারিখঃ /০৫/২০১৬ ইং

### “সাকুলার”

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বাণিজ্যিক পরিচালন কর্মকান্ড সঠিক ও সহজ পদ্ধতিতে সম্পাদনের জন্য "Commercial Operation Procedure" নামে একটি পুস্তিকা প্রণয়ন করা হয় যাহা ২০-০৯-১৯৯২ইং তারিখে বোর্ড সভায় অনুমোদিত হইয়াছে। যেহেতু বাণিজ্যিক পরিচালন পদ্ধতির বইগুলি ঋণদাতা সংস্থার অবগতির জন্য পাঠাইতে হয় এই কারণে পুস্তিকাটি ইংরেজীতে প্রণয়ন করা হইল এবং ইহা দ্বিতীয় সংস্করণ। দ্বিতীয় সংস্করণনে ইহার বাংলা ভাষান প্রণয়ন করা হইল। পুস্তিকাটিতে বাণিজ্যিক পরিচালন কর্মকান্ডের কার্য পদ্ধতির একটি অংশ বিশেষ সন্নিবেশিত করা হইয়াছে। পরবর্তীতে বাকী অংশ প্রেরণ করা হইবে।

পুস্তিকাতে বর্ণিত কিছু কার্য পদ্ধতি যেমন লেজার সংরক্ষন পদ্ধতি বর্তমানে অকার্যকর। এইগুলি সার্ভার ডাটা দ্বারা প্রতিস্থাপিত হইবে। বাকী কার্য পদ্ধতিগুলি কার্যকারীর বিষয়ে যথাস্থানে বর্ণিত হইল।

এই পুস্তিকায় বর্ণিত কোন কার্য পদ্ধতির বাস্তবায়ন করিতে যদি কোন অসুবিধা হয় অথবা বর্ণিত কার্য পদ্ধতির উন্নতিকল্পে যদি কোন সুনির্দিষ্ট মতামত থাকে তবে তাহা নিম্ন স্বাক্ষরকারীর নিকট জানানোর জন্য অনুরোধ করা হইল।

সংযুক্তি : বর্ণিত পুস্তিকার কপি।

(মোহাম্মদ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক  
বাণিজ্যিক পরিচালন  
বিউবো, ঢাকা।



অনুলিপি :

- ১। প্রধান প্রকৌশলী, বিতরণ/চট্টগ্রাম (দক্ষিণাঞ্চল)/কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা/ উত্তরাঞ্চল, রাজশাহী / পশ্চিমাঞ্চল, খুলনা।
- ২। সি এস ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, বাণিজ্যিক, চট্টগ্রাম/ রাজশাহী/ ময়মনসিংহ বিদ্যুৎ সরবরাহ, চট্টগ্রাম।
- ৪। সিএসও টু চেয়ার ম্যান, বিউবো, ঢাকা।
- ৫। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালন ও সংরক্ষন সার্কেল, বিউবো, .....
- ৬। সকল পরিচালক/অতিঃ পরিচালক, বাণিজ্যিক পরিচালন, বিউবো, .....
- ৭। পরিচালক, হিসাব/অডিট/অর্থ, বিউবো, .....
- ৮। উপ-সচিব, বিতরণ/পরিকল্পনা ও উন্নয়ন/ অর্থ/প্রশাসন/উৎপাদন/সঞ্চালন ও কোম্পানী এফেয়ার্স।
- ৯। সকল নির্বাহী প্রকৌশলী বি ও বি বিভাগ/উপ-পরিচালক, বাণিজ্যিক পরিচালন, বিউবো, ঢাকা, .....
- ১০। সকল পরিচালক, আঞ্চলিক হিসাব দপ্তর, বিউবো, .....
- ১১। সকল আবাসিক প্রকৌশলী, বিউবো, .....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

স্মারক নং- বিজ্ঞাখস-৫/পিডিবি-২৭/৯০/৪৯৯

তারিখ : ১৮-১১-১৯৯২ইং,  
০৪-০৮-১৩৯৯ বাং

প্রেরক : কে সি, সাহা  
সিনিয়র সহকারী সচিব।

- প্রাপক : ১) চেয়ারম্যান  
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,  
ঢাকা।
- ২) চেয়ারম্যান,  
ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ,  
ঢাকা।
- ৩) চেয়ারম্যান,  
পল্লী বিদ্যুতায়ন বোর্ড,  
ঢাকা।

**বিষয় : নিয়মিত আয়ের উৎসাহীন মসজিদ / উপাসনালয় সম • হের বিদ্যুৎ বিল প্রসঙ্গে।**

মহোদয়,

নির্দেশক্রমে জানাচিহ্ন যে, নিয়মিত আয়ের উৎসাহীন মসজিদ/উপাসনালয় সমূহের ১০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ বিল মওকুফ সম্পর্কিত বিষয়ে গত ০৫/১০/৯২ ইং তারিখে ধর্ম মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক আন্ত মন্ত্রণালয় সভায় নিলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :-

(১) ৩১/১২/৯১ ইং তারিখ পর্যন্ত যে সকল মসজিদ ভতুকির যোগ্য বিবেচিত হয়ে তালিকাভুক্ত হয়েছে শুধু সে সকল মসজিদকে ভবিষ্যতে ভতুকীর বিবেচনা করা হবে। উল্লিখিত তারিখের পরে কোন মসজিদ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত আলোচ্য ভতুকীর জন্য তালিকাভুক্ত করা হবে না। ইতিমধ্যে বিনা অনুমতিতে সংযোগ দিয়ে থাকলে সেগুলির সংযোগ বিচ্ছিন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(২) এখাতে সরকারী বরাদ্দ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অতীতের মত জ্বালানী মন্ত্রণালয় ন্যস্ত করবে। উক্ত মন্ত্রণালয় থানা নির্বাহী অফিসারদের মাধ্যমে প্রচলিত ভতুকি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। সংশ্লিষ্ট মসজিদ কর্তৃপক্ষ তাদের নিজস্ব বিদ্যুৎ বিল পরিশোধ করে বিলের কপি সহ থানা নির্বাহী অফিসারের নিকট লিখিতভাবে পুনর্ভরনের (রিইমার্সমেন্ট) জন্য দাবী করবে। থানা নির্বাহী অফিসার দাবী যথার্থতা যাচাই করে দাবীকৃত ভতুকীর টাকা পরিশোধের জন্য জ্বালানী মন্ত্রণালয়ে প্রেরণ করবে। জ্বালানী মন্ত্রণালয়ে এবাবদ খরচ তাদের বরাবরে ন্যস্ত খাতের অর্থ হতে মিটাবে।

২। উক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষরিত, ১৮-১১-৯২  
(কে সি সাহা)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি :

- ১। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালক ও সংরক্ষন, বিউবো, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক, চট্টগ্রাম বিদ্যুৎ সরবরাহ, বিউবো, চট্টগ্রাম।
- ৩। সকল নির্বাহী প্রকৌশলী, বাঃ পঃ/নির্বাহী প্রকৌশলী, বিতরণ/আবাসিক প্রকৌশলী, বিউবো।
- ৪। সকল উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব পরিদপ্তর, বিউবো।

স্বাক্ষরিত, ৩০-১১-৯২  
উপ-মহাব্যবস্থাপক  
বাণিজ্যিক পরিচালন, বিউবো, ঢাকা।

( Add more Office Orders)